

শাকসুর প্রবিধি ১২ অক্টোবরের মধ্যে নির্বাচন কমিশনে হস্তান্তর করা হবে : উপাচার্য

নিজস্ব প্রতিবেদক, সিলেট



উপাচার্য এ এম সারওয়ারউদ্দিন চৌধুরী। ছবি : সংগৃহীত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ

(শাকসু) নির্বাচনের প্রবিধি চূড়ান্ত করতে কমিটি কাজ করছে বলে

জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. এ এম সারওয়ারউদ্দিন

চৌধুরী। তিনি বলেন, কমিটি আগামী ৮ অক্টোবরের মধ্যে প্রবিধি

চূড়ান্ত করবে এবং ১২ অক্টোবরের মধ্যে নির্বাচন কমিশনের কাছে

তা হস্তান্তর করবে।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সিভিকেট সভা শেষে রাত

১১টার দিকে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে

উপাচার্য ড. এ এম সারওয়ারউদ্দিন চৌধুরী এসব কথা বলেন।

শাকসু ভবন নিয়ে সাংবাদিকদের প্রশ্নে উপাচার্য বলেন, ‘আমাদের

ক্যাম্পাসে এখন কোনো শাকসু ভবন দৃশ্যমান নেই।

শিগগিরই একটি নান্দনিক শাকসু ভবন বানানো হবে।'

শাকসু নির্বাচন প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'শাকসু

নির্বাচনের জন্য প্রবিধি চূড়ান্ত করতে একটি কমিটি কাজ করছে।

কমিটি আগামী ৮ অক্টোবরের মধ্যে প্রবিধি চূড়ান্ত করবে এবং ১২

অক্টোবরের মধ্যে নির্বাচন কমিশনের কাছে তা হস্তান্তর করবে।

প্রবিধি সিডিকেট সভায় অনুমোদন হয়ে গেছে।

কিছু বিষয় নিয়ে আরেকটু দেখতে হবে।'

নির্বাচন নিয়ে শক্তির কথা উল্লেখ করে উপাচার্য বলেন,

'বিশ্ববিদ্যালয়ে কোনো ঝামেলা যেন না ঘটে। সবার আগে

শিক্ষার্থীদের নিরাপত্তা ও পড়াশোনা। একটি মারামারি বা কোনো

ঘটনা ঘটে গেলে ক্যাম্পাস অস্থিতিশীল হবে।